

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়  
(প্রশাসন শাখা-২)

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের এপিএ (APA) টিমের আগস্ট /২০১৯ মাসের সভার কার্যবিবরণী

সভাপতিঃ ড. মোঃ আশফাকুল ইসলাম বাবুল  
যুগ্মসচিব ও এপিএ (APA) টিম লিডার  
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

সভার তারিখঃ ৩১/০৮/২০২০ সময়ঃ সকাল ১১-০০টা


সভার স্থানঃ মন্ত্রণালয়ের সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট ক

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভায় জানানো হয় যে, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ হিসাবে সংশ্লিষ্ট সকল শাখা/ দপ্তর এর সাথে যোগাযোগ করা হচ্ছে। লক্ষ্যমাত্রা অর্জনে কার্যক্রম চলমান আছে। কোভিড-১৯ পরিস্থিতির কারণে মন্ত্রণালয়ের কার্যক্রম চালিয়ে যাওয়া কিছু কিছু ক্ষেত্রে সমস্যা হচ্ছে, তথাপি সামাজিক দূরত্ব ও স্বাস্থ্য বিধি মেনে নির্ধারিত সময়ের মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতাধীন সূচক সমূহ বাস্তবায়ন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। কর্মকর্তা/ কর্মচারীদের বছরে ৬০ ঘন্টা প্রশিক্ষণের অংশ হিসাবে প্রশিক্ষণ প্রদান শুরু হয়েছে। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়;

- (১) মন্ত্রণালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রত্যেক সূচকের লক্ষ্য অর্জনের জন্য প্রশাসন-২ শাখা বাস্তবায়নকারী অনুবিভাগ/ শাখা বরাবর ইউ নোটের মাধ্যমে তাগিদপত্র দিবে।
- (২) কৌশলগত উদ্দেশ্যসমূহ নির্ধারিত সময়ে যেন অর্জন করা যায় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল দপ্তর/ সংস্থার প্রধানদের অনুরোধ জানানো হয়। এছাড়া মন্ত্রণালয়ের অনুবিভাগ প্রধানগণ তাঁদের আওতাধীন কার্যাবলী নিয়মিত পর্যবেক্ষণ করার বিষয়ে অনুরোধ জানানো হয়।
- (৩) প্রতি ক্ষেত্রে সূচকের অর্জনের বিপরীতে প্রমাণক সংরক্ষণের বিষয়ে গুরুত্ব দিতে হবে।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করা হয়।


  
(ড. মোঃ আশফাকুল ইসলাম বাবুল)  
যুগ্মসচিব ও এপিএ (APA) টিম লিডার  
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

স্মারক নম্বরঃ ২২.০০.০০০০.০৫২.১৬.০০১.১৯-১০০

তারিখঃ ৩১/০৮/২০২০

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।  
(দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, কর্মসম্পাদন বাস্তবায়ন পরিবীক্ষণ অধিশাখা)
- ২। অতিরিক্ত সচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ৩। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৪। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৫। চেয়ারম্যান, বাংলাদেশ বন 'শিল্প উন্নয়ন সংস্থা', মতিঝিল, ঢাকা।
- ৬। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ, জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, মহাখালী, ঢাকা।
- ৭। চেয়ারম্যান, বাংলাদেশ রাবার বোর্ড।
- ৮। পরিচালক, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, চট্টগ্রাম।
- ৯। পরিচালক, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম, মিরপুর, ঢাকা।
- ১০। যুগ্মসচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ১১। সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, সচিবমহোদয়ের সদয় অবগতির জন্য।

  
০৫.১০.২০২০  
(মোঃ রফিকুল ইসলাম)  
সহকারী সচিব